# কমপিউটার জগতের খবর

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ বাংলাদেশের ফ্রিল্যান্সাররা শুধু ইল্যান্স ও ওডেস্ক থেকে গত বছর আয় করেছেন প্রায় ২১ মিলিয়ন মার্কিন ডলার। এদের বেশিরভাগই বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী। ভবিষ্যতে ফ্রিল্যান্স আউটসোর্সিং বৈদেশিক মুদ্রা অর্জনের একটি বড় খাত হিসেবে বিবেচিত হবে। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি (ডিইউআইটিএস) আয়োজিত এক কর্মশালায় এসব কথা বলেন ইল্যান্স-ওডেস্কের বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার সাইদুর মামুন খান। ঢাবির ব্যবসায় অনুষদ মিলনায়তনে আয়োজিত এই কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রায় আড়াইশ' শিক্ষার্থী অংশ নেন। কর্মশালা উদ্বোধন করেন ডিইউআইটিএসের মডারেটর এবং ঢাবির টিভি ও ফিল্ম স্টাডিজ ডিপার্টমেন্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শফিউল আলম ভূঁইয়া। উপস্থিত ছিলেন ডিইউআইটিএস সভাপতি আবদুল্লাহ আল ইমরান, সাধারণ সম্পাদক আরিফ দেওয়ান, সাংগঠনিক

---

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ জাতীয় পাঠক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রথম শ্রেণীর বাংলা, ইংরেজি ও গণিত বই এবং পাঠ্যক্রম অনুসরণ করে প্রস্তুত করা বিজয় প্রাথমিক শিক্ষা-১ প্রকাশিত হয়েছে। অ্যানিমেশন, সাউন্ড, ভিডিও, টেক্সট ও ইন্টার‌্যাক্টিভিটির মাধ্যমে শিশুদের উপযোগী করে প্রস্তুত করা হয়েছে এই মাল্টিমিডিয়া সফটওয়্যারটি। শিশুদের জন্য বিজয় ডিজিটালের এটি তৃতীয় প্রকাশনা। এর আগে নার্সারি ও কেজি শ্রেণীর জন্য বিজয় শিশু শিক্ষা-১ এবং বিজয় শিশু শিক্ষা-২ প্রকাশিত হয়। সফটওয়্যারটির বাংলা অংশে রয়েছে– আমার পরিচয়, আমি ও আমার সহপাঠী, আমরা কি কি কাজ করি, আঁকাআঁকি, স্বরবর্ণ শিখি, ব্যঞ্জনবর্ণ শিখি, ছবি দেখি ও কথায় লিখি, কার চিহ্ন, ছড়ায় ছড়ায় সংখ্যা, বাংলা বর্ণমালা, শব্দ বলার খেলা। এছাড়া রয়েছে আতা গাছে তোতা পাখী, ইতল বিতল, বাকবাকুম পায়রা, হনহন পনপন, মামার বাড়ি, ভোর হলো এবং ছুটি ছড়া।





গল্পগুলোর মধ্যে রয়েছে কাক ও কলসি, শুভ ও দাদিমা, রুবির বাগান, মায়ের ভালোবাসা, পিঁপড়ে ও ঘুঘু, আমাদের দেশ এবং মুক্তিযোদ্ধাদের কথা। সফটওয়্যারটির গণিত অংশে রয়েছে সংখ্যা প্রতীক, সংখ্যার সাথে মিল করে ছবি রং করি, যোগ, বিয়োগ, সংখ্যার তুলনা, সংখ্যা কথায় লিখা, ক্রমবাচক সংখ্যা, বৈদেশিক মুদ্রা ও নোট, জ্যামিতিক আকৃতি এবং সমস্যা সমাধান। এছাড়া ইংরেজি অংশে কবিতা, অ্যালফাবেট গান, লাইন এবং শেইপ, কমান্ডস, ইন দ্য ক্লাসরুম, ইন দ্য হাউজ অ্যান্ড আউটসাইট দ্য হাউজ ও রিভিশন। সফটওয়্যারটির দাম ২০০ টাকা। দেশের বাজারে সফটওয়্যারটি বিজয় ডিজিটাল, আনন্দ কমপিউটার্স ও পরমা সফটে পাওয়া যাচ্ছে ◆

---

*কমপিউটার জগৎ নিউজ ডেস্ক* ॥ ২০১৮ সালের মাঝামাঝি মাইক্রোসফটের সরাসরি মালিকানা হারাতে যাচ্ছেন এর সাবেক প্রধান নির্বাহী ও চেয়ারম্যান বিল গেটস! প্রতি প্রান্তিকেই ২০ মিলিয়ন শেয়ার বিক্রি করার ধারাবাহিকতা থাকলেই এমনটি ঘটবে বলে জানান সংশ্লিষ্টরা। ১৯৭৫ সালে স্কুলের বন্ধু পল অ্যালেনকে নিয়ে মাইক্রোসফট প্রতিষ্ঠা করেন বিল গেটস, যা পার্সোনাল কমপিউটিংয়ে বিপ্লব ঘটিয়ে দেয় ও সফটওয়্যার বাজারে আধিপত্য বিস্তার করে। নিজে বিশ্বের শীর্ষ ধনী হিসেবেও প্রতিষ্ঠা পান বিল গেটস।



গত ১২ বছর ধরে ব্যবসায়িক পরিকল্পনা হিসেবে প্রতি প্রান্তিকে ২০ মিলিয়ন শেয়ার বিক্রি করে আসছেন। এ কারণেই সম্প্রতি অবসর নেয়া আরেক প্রধান নির্বাহী স্টিভ বালমারের থেকেও কম শেয়ার রয়েছে বিল গেটসের। শেয়ার বিক্রির এই ধারাবাহিকতা চলতে থাকলে আগামী চার বছরের মধ্যে মাইক্রোসফটে বিল গেটসের আর সরাসরি কোনো মালিকানা থাকবে না। যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মতে, গত সপ্তাহে শেয়ার বিক্রির পর মাইক্রোসফটে বিল গেটসের বর্তমান শেয়ার ৩৩০ মিলিয়ন। অপরদিকে স্টিভ বালমারের শেয়ারের পরিমাণ ৩৩৩ মিলিয়ন ◆

---

## ট্যাবলেট বাজারে শীর্ষে অ্যান্ড্রয়িড

বছরের শুরুতে ট্যাবলেট বাজারে অ্যাপলকে টপকে শীর্ষস্থানে রয়েছে গুগলের অ্যান্ড্রয়িড প্ল্যাটফর্ম। এক বছর আগের তুলনায় প্রায় ৫৩ শতাংশ বেড়ে গত তিন মাসে বিশ্বে মোট ট্যাবলেট বিক্রির ৬৫.৬ শতাংশ দখল করে রেখেছে অ্যান্ড্রয়িড ডিভাইস। বাজার বিশ্লেষণে দেখা গেছে, গত বছরের ৪০.৩ শতাংশ বাজার থাকলেও বছরের শুরুতে অ্যাপলের আইপ্যাড বিক্রির পরিমাণ ২৮.৪ শতাংশে এসে নেমেছে। গত বছরের একই প্রান্তিকের থেকে যা ১৬ শতাংশ কম। স্ট্র্যাটেজি অ্যানালিস্ট জানায়, আগের প্রান্তিকের তুলনায় এই প্রান্তিকে ট্যাবলেট বিক্রি ১৯ শতাংশ বেড়ে ৫৭.৬ মিলিয়ন ইউনিট বিক্রি হয়েছে। গত তিন মাসে ৩৮ মিলিয়ন অ্যান্ড্রয়িডনির্ভর ট্যাবলেট বিক্রি হয়েছে। এই সময়ে অ্যাপলের আইপ্যাড বিক্রির পরিমাণ ছিল ২৫.৬ মিলিয়ন ইউনিট। তবে মাইক্রোসফটের উইন্ডোজ ট্যাবলেট বিক্রির পরিমাণ বেড়েছে। বর্তমানে বাজারে এর দখল

---

## সাইবার অপরাধ ঠেকাতে আসছে নতুন আইন : পলক

সাইবার অপরাধ ঠেকাতে ও সামাজিক নিরাপত্তায় নতুন আইন প্রণয়ন করছে সরকার। যাতে ভবিষ্যতের স্মার্ট সাইবার অপরাধীদের মোকাবেলায় তৈরি থাকা যায়। দৈনিক ভোরের কাগজ ও চিফ টেকনোলজি অফিসার্স (সিটিও) ফোরামের যৌথ উদ্যোগে সম্প্রতি আয়োজিত এক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে একথা জানান ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। বৈঠকে 'সাইবার সিকিউরিটি' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিটিও ফোরামের সভাপতি তপন কান্তি সরকার। বিশেষ অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ সচিব মো: নজরুল ইসলাম খান। সঞ্চালনায় ছিলেন ভোরের কাগজ সম্পাদক শ্যামল দত্ত। বৈঠকে উপস্থিত ছিলেন আইসিটি বিভাগের যুগ্ম সচিব শ্যামা প্রসাদ বেপারী, সিটিও ফোরামের ভাইস প্রেসিডেন্ট নওয়েদ ইকবাল, বাংলাদেশ ব্যাংকের সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট দেবদুলাল রায়, সিটিও ফোরামের কোষাধ্যক্ষ ড. ইজাজুল হক, এয়ারটেল বাংলাদেশের সিআইও লুৎফুর রহমান, সিসিএ বাংলাদেশের আইসিটি বিভাগের



## ই-টিআইএন সেবাকেন্দ্র চালু করবে এনবিআর


রাজধানীর নিউ ইস্কাটন বিসিএস কর একাডেমিতে চালু হচ্ছে অনলাইনে ইলেকট্রনিক কর শনাক্তকারী নম্বর ই-টিআইএন সার্ভিস ও সেবা সেন্টার। ৭ মে থেকে চালু হওয়া এই সার্ভিস ও সেবাকেন্দ্র চলবে ৩০ জুন পর্যন্ত। সরকারি ছুটি ব্যতীত সেবাকেন্দ্রটি প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকবে। সেবাকেন্দ্রে নতুন করদাতাদের ই-টিআইএন রেজিস্ট্রেশন, পুরনো করদাতাদের রি-রেজিস্ট্রেশন, বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতাদের ই-টিআইএন রেজিস্ট্রেশন, ই-টিআইএনের বিপরীতে ইউজার আইডি প্রদান, ই-টিআইএন ভুল সংশোধনসহ ই-টিআইএন সংক্রান্ত সব তথ্য ও সেবা পাওয়া যাবে। মূলত ২০১৪-১৫ অর্থবছরের বাজেটের আগে করদাতার সংখ্যা বাড়াতে জাতীয় রাজস্ব

## ১৫০০ ডলারের গুগল গ্লাসের খরচ মাত্র ৮০ ডলার



গুগলের পরিধানযোগ্য কমপিউটার গুগল গ্লাসের দাম নির্ধারণ হয়েছে দেড় হাজার ডলার। তবে কারিগরি বিশ্লেষকেরা জানান, আলাদা যন্ত্রাংশের মাধ্যমে এটি তৈরিতে খরচ পড়বে মাত্র ৮০ ডলার! যদি কেউ গুগল গ্লাস কিনতে চান, তবে তাকে শুধু গ্লাস ডিভাইসের জন্যই দেড় হাজার ডলার দিতে হবে। যাতে লেন্স ধারণের কোনো ব্যবস্থা নেই। আর কেউ যদি আলাদা ফ্রেমের মাধ্যমে গুগল গ্লাস কিনতে চান, সে ক্ষেত্রে তাকে আরও ২২৫ ডলার অর্থাৎ সর্বমোট ১ হাজার ৭২৫ ডলার খরচ করতে হবে। বিশেষজ্ঞেরা জানান, গুগল গ্লাস যেসব যন্ত্রাংশের মাধ্যমে তৈরি করা হয়েছে, তা আলাদাভাবে কিনে কেউ তৈরি করতে চাইলে খরচ পড়বে মাত্র ৭৯.৭৮ ডলার। এর মধ্যে সবচেয়ে দামি জিনিস হলো এর প্রসেসর। টেক্সাস ইনস্ট্রুমেন্টের এই চিপের দাম ১৩.৯৬ ডলার। কম দামি হিসেবে এতে ১.১৪ ডলারের ব্যাটারি রয়েছে। গুগল গ্লাসে অ্যাপস, ভিডিও এবং ছবি রাখার জন্য ১৬ গিগাবাইটের স্টোরেজ রয়েছে, যার দাম ৮.১৮ ডলার। এছাড়া এতে ৪.৬৮ ডলারের র‌্যাম রয়েছে। বিশেষজ্ঞেরা জানান,

## বাজারে ওয়াই-ফাই সুবিধার এসরক মাদারবোর্ড



প্রিমিয়াম গোল্ড ক্যাপাসিটর সমৃদ্ধ এসরক জেড৮৭ ওসি ফর্মুলা/এসি মডেলের মাদারবোর্ড বাজারে এনেছে কমপিউটার সিটি টেকনোলজিস লিমিটেড। মাদারবোর্ডটি ইন্টেল চতুর্থ প্রজন্মের এলজিএ১১৫০ প্রসেসর সাপোর্ট করে।

## দেশের বাজারে সীগেটের যাত্রা শুরু

সম্প্রতি রাজধানীর ধানমন্ডি ক্লাব পার্টি সেন্টারে এক জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলাদেশের বাজারে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে হার্ডডিস্ক নির্মাতা ব্র্যান্ড সীগেট। দেশের একমাত্র পরিবেশক স্মার্ট টেকনোলজিস ও সীগেটের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্মার্ট টেকনোলজিসের




ব্যবস্থাপনা পরিচালক মো: জহিরুল ইসলাম, বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ, উপমহাব্যবস্থাপক মুজাহিদ আলবেরুনী, সহকারী মহাব্যবস্থাপক তানজিন শেখ জুঁই, সীগেট টেকনোলজির বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার শেখ আবদুর রউফ এবং স্পেকট্রা ইনোভেশনের ভাইস প্রেসিডেন্ট দীপক ঝা।

## কারমুডি ওয়েবসাইটের বাংলা সংস্করণ চালু

অনলাইনে গাড়ি কেনাবেচার জনপ্রিয় ওয়েবসাইট কারমুডি ডটকমের বাংলা সংস্করণ চালু করা হয়েছে। ফলে এখন থেকে যেকেউ ওয়েবসাইটে গিয়ে বাংলায় সহজে নিজের পছন্দের গাড়িটি বেছে নিতে পারবেন। বাংলাদেশে কারমুডি ডটকমের ব্যবস্থাপনা পরিচালক জ্যাকব গিলম্যান বলেন, বাংলাদেশের জনগণের ভাষাগত সুবিধার কথা মাথায় রেখেই ওয়েবসাইটটির বাংলা সংস্করণ চালু করা হয়েছে। অনলাইনে গাড়ি কেনাবেচার ক্ষেত্রে আরও উন্নত সুবিধা দেয়ার কথাও জানান তিনি। প্রতিষ্ঠানটির কর্মকর্তারা জানান, এই সাইটে চাহিদামতো প্রাইভেট কার, মোটরসাইকেলসহ বাণিজ্যিক যানবাহন বিক্রেতাদের বিক্রয়ের বিজ্ঞাপন পাওয়া যাচ্ছে। গত বছর আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে যাত্রা শুরু করে কারমুডি। এটি ই-কমার্সভিত্তিক

## চট্টগ্রামে ওরাকল ও সিসিএনএ কোর্সে ভর্তি

বন্দরনগরী চট্টগ্রামে দি কমপিউটারস লিমিটেডে আইবিসিএস-প্রাইমেক্সের তত্ত্বাবধানে ওরাকল ১০জিডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি চলছে। এছাড়া রেডহ্যাট লিনআক্স, জেন্ড সার্টিফিকেশন এবং সিসিএনএ প্রশিক্ষণ দেয়া হবে।

## নাটোরে হচ্ছে ১০ কোটি টাকার ফ্রিল্যান্স ইনস্টিটিউট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শহর নাটোরে হচ্ছে দেশের প্রথম ফ্রিল্যান্স ইনস্টিটিউট। ইতোমধ্যে ইনস্টিটিউট স্থাপনে ১ দশমিক ৪৬ একর জায়গা অধিগ্রহণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দিক থেকেও ১০ কোটি টাকার প্রকল্প প্রস্তাব তৈরির কাজ শেষ পর্যায়ে রয়েছে বলে জানা গেছে। এখন প্রকল্প পরিকল্পনার খসড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের কাছ থেকে অনুমোদনের পর অর্থ মন্ত্রণালয়ের কাছে অর্থ বরাদ্দ চাওয়া হবে বলে জানান হাইকেট পার্ক অথরিটির ব্যবস্থাপনা পরিচালক হোসনে আরা বেগম। এর আগে জানুয়ারির শেষ সপ্তাহে বিশ্বব্যাংকের প্রতিনিধিরা প্রতিমন্ত্রী পলকের সাথে দেখা করতে এলে তিনি নিজ জেলা শহর নাটোরে দেশের প্রথম ফ্রিল্যান্স ইনস্টিটিউট করে দিতে আর্থিক সহায়তা দেয়ার প্রস্তাব করেন। বিশ্বব্যাংক প্রতিনিধিরাও ওই বৈঠকে ইতিবাচক সাড়া দেন। তবে পরে বিশ্বব্যাংকের দিক থেকে কোনো সাড়া না পাওয়ায় এর মধ্যে নিজেদের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নে কাজ শুরু করে দিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মকর্তারা। হোসনে আরা জানান, এখন ১ দশমিক ৪৬ একরের ওপর কাজ শুরু করা হলেও এ ইনস্টিটিউটের জন্য সব মিলে

## আইটি উদ্ভাবনের অনুদানে আবেদনের সময় বাড়ল

প্রযুক্তিনির্ভর সেবা ও উদ্ভাবনের জন্য সরকারের সার্ভিস ইনোভেশন ফান্ডের অনুদানের জন্য আবেদনের সময় এক মাস বেড়েছে। ডিজিটাল সেবার জন্য এ অনুদান পেতে আবেদন করা যাবে ৩১ মে পর্যন্ত। এর আগে আবেদনের শেষ সময় ছিল ৩০ এপ্রিল। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্প থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারে ২০১৩ সাল থেকে এ অনুদান দেয়া হচ্ছে। বাংলাদেশ সরকার,

## ভিডিও চ্যাট ও মেসেজিং সেবা এনেছে স্ন্যাপচ্যাট

বাজারে ভিডিও চ্যাট ও ইনস্ট্যান্ট মেসেজিং সেবার জনপ্রিয়তায় এই দুটি সেবা যুক্ত করল জনপ্রিয় ফটো মেসেজিং অ্যাপ স্ন্যাপচ্যাট। সম্প্রতি কোম্পানির নিজস্ব ব্লগে এই দুটি নতুন সেবা আনার ঘোষণা দেয়া হয়। নতুন ফিচার ব্যবহার করতে ব্যবহারকারীদের ক্যামেরা স্ক্রিন থেকে স্ক্রিনকে ডানদিকে সরাতে হবে। তাহলে বন্ধুদের তালিকা দেখাবে। এখান থেকেই ভিডিও চ্যাট অথবা ইনস্ট্যান্ট মেসেজিং সেবা ব্যবহার করা যাবে। সম্প্রতি এক গবেষণায় দেখা যায়, স্মার্টফোন ব্যবহারকারীর ৭৭ শতাংশ কলেজ শিক্ষার্থী প্রতিদিন অন্তত একবার স্ন্যাপচ্যাট

বাংলাদেশের তথ্যপ্রযুক্তি পণ্যের বাজার প্রসার, আন্তর্জাতিক ব্র্যান্ডিংসহ তথ্যপ্রযুক্তিখাতে বিশেষ অবদানের জন্য ৭টি বাণিজ্যিক প্রতিষ্ঠান ও চারটি সংগঠনকে সম্মাননা দিয়েছে ডেল বাংলাদেশ। সম্প্রতি রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ডেল অ্যাপরিসিয়েসন নাইটে এ গ্লোবালব্যান্ড (প্রাঃ) লিমিটেড, স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড, কম্পিউটার সোর্স, ড্যাফোডিল কম্পিউটার্স, আরএম সিস্টেম লিমিটেড, রায়ান্স কম্পিউটার লিমিটেড ও আমরা টেকনোলজিস লিমিটেড। এছাড়া বাংলাদেশ ব্র্যান্ডিং ও তথ্যপ্রযুক্তিবান্ধব পরিবেশ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা



সম্মাননা দেওয়া হয়। ডেলের ইন্দোনেশিয়া ও দক্ষিণ এশিয়া অঞ্চলের বাজার উন্নয়ন বিভাগের ব্যবস্থাপনা পরিচালক সালেহ এম হাজি মুন্সি এবং ডেল বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার সোনিয়া বশির কবির সম্মাননা তুলে দেন।

সম্মাননা পাওয়া প্রতিষ্ঠানগুলো হলো রাখার জন্য বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), বাংলাদেশ কমপিউটার সমিতি (বিসিএস), বাংলাদেশ ওমেন ইন টেকনোলজি (বিডাব্লিউআইটি) এবং বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরামকে (বিআইজেএফ) সম্মানিত করা হয় ◆

গত ২০ এপ্রিল রাজধানীর একটি রেস্তোরাঁয় অনুষ্ঠিত হয়েছে গিগাবাইট পার্টনার কনফারেন্স। গিগাবাইটের পরিবেশক স্মার্ট টেকনোলজিসের আয়োজনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ ও গিগাবাইটের সেলস অ্যান্ড মার্কেটিং ম্যানেজার খাজা মো: আনাস খান। অনুষ্ঠানে ঢাকার এলিফ্যান্ট রোড ও মাল্টিপ্ল্যান সেন্টারের দেড় শতাধিক কমপিউটার ব্যবসায়ী এবং গিগাবাইটের রিটেইল পার্টনাররা অংশ নেন। অনুষ্ঠানে গিগাবাইটের নতুন কিছু মডেলের পণ্যের বিস্তারিত বিবরণ তুলে ধরা হয় ◆



# প্রাথমিকের মাল্টিমিডিয়া কনটেন্ট তৈরি করবে ব্র্যাক

প্রাথমিক শিক্ষার পাঠ্যসূচি নিয়ে বিষয়ভিত্তিক মাল্টিমিডিয়া কনটেন্ট তৈরি করবে ব্র্যাক। সম্প্রতি ব্র্যাক সদর দফতরে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং ব্র্যাক এ সংক্রান্ত একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মো: নজরুল ইসলাম খান এবং ব্র্যাকের ভাইস চেয়ারপার্সন ও ইন্টেরিম এক্সিকিউটিভ ডিরেক্টর ড. মোস্তাক চৌধুরী নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি অনুযায়ী প্রাথমিক শিক্ষাস্তরের প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পাঠ্যক্রম অনুযায়ী বিষয়ভিত্তিক উন্নত মাল্টিমিডিয়া কনটেন্ট তৈরি করবে ব্র্যাক। যেখানে শ্রেণীকক্ষে শিক্ষকরা যেমন সহজে কনটেন্টগুলো বুঝাতে পারবেন, তেমনি শিক্ষার্থীরা যেনো সহজে এবং আনন্দময়ভাবে পাঠ্যগুলো উপভোগ করতে ও শিখতে পারবে ◆

# ই-কমার্স সাইট ইনপেইসবাজার ডটকমের যাত্রা শুরু

আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে ই-কমার্স ওয়েবসাইট 'ইনপেইসবাজার ডটকম'। মার্কেটিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ইনপেইসের উদ্যোগে রাজধানীর একটি কনভেনশন সেন্টারে সম্প্রতি



সাইটটির উদ্বোধন করা হয়। সাইটটি থেকে ক্রেতারা আইটি, ডিজিটাল লাইফস্টাইল, গৃহস্থালি, ভোগ্যপণ্য, ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স, বুটিকসহ নানা ধরনের পণ্য কিনতে পারবেন। এ ছাড়া ক্রেতাদের চাহিদা অনুযায়ী নতুন পণ্যও যোগ করা হবে ইনপেইসবাজারে। উদ্বোধনী অনুষ্ঠানে ইনপেইসের ব্যবস্থাপনা পরিচালক ও ইনপেইসবাজার ডটকমের (inpacebazar.com) প্রধান নির্বাহী মো: কামরুল আহসান জানান, ক্রেতাদের ক্রমবর্ধমান চাহিদার কথা বিবেচনা করে এবং দেশ-বিদেশের ক্রেতাদের ই-কমার্স সেবা দ্বারপ্রান্তে পৌঁছে দিতে ইনপেইসবাজার ডটকম অগ্রণী ভূমিকার রাখবে। উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন তথ্যপ্রযুক্তিবিদ মোস্তাফা জব্বার।

# বেনকিউ ব্র্যান্ডের নতুন প্রজেক্টর বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে বেনকিউ ব্র্যান্ডের এমএস ৫০৪ মডেলের ডিজিটাল মাল্টিমিডিয়া প্রজেক্টর। ৩০০০ ল্যামেন্সসমৃদ্ধ এই প্রজেক্টরে রয়েছে ১৩০০০:১ কন্ট্রাস্ট রেশিও, বিল্টইন স্পিকার, থ্রিডি রেডি, ডিরেক্ট অন-অফ, ফিল্টার ফ্রি ডিজাইন ও ক্যুইক কুলিং সুবিধা। বিভিন্ন ডিভাইসের সাথে সংযুক্ত করতে এই প্রজেক্টরে রয়েছে অডিও ইন/আউট মিনি জ্যাক, এস-ভিডিও (মিনি ডিন ৪ পিন), ভিডিও আউট (আরসিএ জ্যাক), ইউএসবি, কমপিউটার (ডি সাব ১৫ পিন) দুটি, মনিটর আউট (ডি-সাব ১৫ পিন) ও আরএস ২৩২ (ডিবি ৯ পিন)। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ

## ইমাজিন কাপের ওয়ার্ল্ড সেমিফাইনালে বাংলাদেশের ৩ দল

ইমাজিন কাপের ওয়ার্ল্ড সেমিফাইনালে অংশ নেয়ার টিকেট পেয়েছে তিনটি দল। চূড়ান্ত পর্বে ৪২ দলের সাথে প্রতিযোগিতা শেষে এ তিনটি দল জয়ী হয়েছে। প্রতিযোগিতায় গেম ক্যাটাগরিতে আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কারিগর, ইনোভেশন ক্যাটাগরিতে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির একাত্তর ও ওয়ার্ল্ড সিটিজেনশিপ ক্যাটাগরিতে বুয়েটের দি ইমাজেনেরিয়াম জয়ী হয়েছে। এবারের সেরা এ তিন দল অনলাইন সেমিফাইনালে বিশ্বসেরাদের সাথে লড়াই করবে। অনলাইন পর্বের জয়ীরা পরে বিশ্বচ্যাম্পিয়নশিপে অংশ নিতে যাবে মাইক্রোসফটের প্রধান কার্যালয় যুক্তরাষ্ট্রের সিয়াটলে। ২০১১ সালে ইমাজিন কাপের চূড়ান্ত পর্যায়ে বাংলাদেশের একটি দল পিপলস চয়েস পুরস্কার জিতেছিল। এবার রানারআপ হয়েছে গেম ক্যাটাগরিতে ব্র্যাক ইউনিভার্সিটির মোসেস স্টুডিওস, ইনোভেশন ক্যাটাগরিতে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির আইইউটি ইন্টিগ্রিটি এবং ওয়ার্ল্ড সিটিজেনশিপে আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এইউএসটি গিকস। সম্প্রতি ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির সম্মেলন কক্ষে মাইক্রোসফট আয়োজিত ইমাজিন কাপের বাংলাদেশ পর্বের চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক পুরস্কার বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন মাইক্রোসফট এশিয়া প্যাসিফিকের জেনারেল ম্যানেজার সাঈদ জাহেদানি। মাইক্রোসফট আয়োজিত এবারের ইমাজিন কাপে অংশ নিচ্ছে বিশ্বের ১৯০ দেশের প্রায় সাড়ে ১৬ লাখ শিক্ষার্থী। চতুর্থবারের মতো

imagine cup by Microsoft

## বাজারে হ্যাভিটের নতুন ট্যাবলেট পিসি



কমপিউটার সিটি টেকনোলজিস লিমিটেড বাজারে এনেছে হ্যাভিট ব্র্যান্ডের টি-৭২৭জি থ্রিজি ট্যাবলেট পিসি। ডুয়াল সিম স্লটসমৃদ্ধ ট্যাবলেটটি ৭ ইঞ্চি এইচডি ডিসপ্লে, ডুয়াল কোর ১.২০ গিগাহার্টজ প্রসেসর, ডিডিআর৩ ১ জিবি র‌্যাম, বিল্টইন ৮ জিবি স্টোরেজ, বি/জি/এন ওয়াইফাই, ব্লুটুথ ও অ্যান্ড্রয়িড ৪.০.৪ অপারেটিং সিস্টেম। এর সামনে ০.৩ মেগাপিক্সেল ও পেছনে ফ্ল্যাশলাইটসহ ২ মেগাপিক্সেল ক্যামেরা রয়েছে। আকর্ষণীয় কভারসহ ট্যাবলেটটির দাম ১২ হাজার ৫০০

## এমএসআই ডিলারদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠিত

ইউসিসির আয়োজনে ঢাকার একটি অভিজাত




রেস্টুরেন্টে গত ১৯ এপ্রিল অনুষ্ঠিত হয়েছে 'এমএসআই পার্টনার রিকগনিশন প্রোগ্রাম ২০১৪'। দেশব্যাপী ইউসিসির সাথে সম্পৃক্ত ডিলারদের মধ্য থেকে গত এক বছরের পারফরম্যান্সের ভিত্তিতে ৩৯ জন এমএসআই ডিলারকে সার্টিফিকেট দেয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউসিসির প্রধান নির্বাহী সারোয়ার মাহমুদ খান এবং এমএসআই প্রতিনিধি মাইকেল লিয়াং ও ভিক্টর ইয়ে। অনুষ্ঠানে প্রথমবারের মতো বাংলাদেশে এমএসআইয়ের নিজস্ব সার্ভিস সেন্টার চালুর ঘোষণা দেয়া হয়। নতুন এই সার্ভিস সেন্টারের মাধ্যমে গ্রাহকেরা সাত দিনের মধ্যে ওয়ারেন্টি সম্পর্কিত সব সমস্যার সমাধান পাবেন বলে জানানো হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইউসিসির ডিজিএম আনোয়ারুল

## ই-কমার্স নিয়ে বুকবিডির নতুন বই

বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠ্য ও সহায়ক বইয়ের জন্য 'ই-কমার্স' নামে বই প্রকাশ করেছে জ্ঞানকোষ। বইটি রচনা ও সম্পাদনা করেছে বুকবিডি সিরিজ। এতে ই-কমার্স ব্যবসায়ের আদ্যোপান্ত তুলে ধরা হয়েছে। সংশ্লিষ্টরা জানান, ই-কমার্স বইটি সহজ ও সাবলীল ভাষায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী প্রকাশ করা হয়েছে। এতে রয়েছে ই-কমার্স ডেভেলপমেন্ট টুল সম্পর্কে বিস্তারিত আলোচনা। প্রত্যেকটি অধ্যায়ের ওপর বাংলায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন বইটির সাথে থাকা সিডিতে দেয়া হয়েছে। বইটিতে ই-কমার্সের প্রাথমিক আলোচনা থেকে শুরু করে ই-কমার্স বাস্তবায়নের ইস্যুগুলো এবং অনলাইনে কীভাবে ব্যবসায় করতে হয় এসব আলোচনা করা হয়েছে। এছাড়া ওয়ার্ক উইথ ই-কমার্স মার্কেট মডেল, ই-কমার্সের সুবিধা ও অসুবিধা, ই-কমার্স ওয়েবসাইট ডিজাইন ও বিল্ডিং, ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম, ইন্টারনেট মার্কেটিং, মোবাইল কমার্স এবং ই-কমার্স ডেভেলপমেন্ট

## বাজারে এডেটার পাওয়ার ব্যাংক



এডেটা ব্র্যান্ডের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে পিভি১০০ মডেলের পাওয়ার ব্যাংক। এর মাধ্যমে মাইক্রো-ইউএসবি চালিত প্রায় সব মোবাইল ডিভাইসের ব্যাটারি চার্জ দেয়া যায়। ডিভাইসটি হালকা-পাতলা ও সহজে বহনযোগ্য। ৪২০০ এমএএইচ ধারণক্ষমতার

## এশিয়া ইন্টারনেট সিম্পোজিয়াম অনুষ্ঠিত

রাজধানীর পান্থপথের বসুন্ধরা সিটি মার্কেটের গোল্ড ওয়াটার কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হলো এশিয়া ইন্টারনেট সিম্পোজিয়াম ২০১৪। সম্প্রতি ইন্টারনেট সোসাইটি এশিয়া প্যাসিফিক ব্যুরোর সহযোগিতায় এ কর্মশালার আয়োজন করে ইন্টারনেট সোসাইটি বাংলাদেশ ঢাকা চ্যাপ্টার। কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশনের (বিটিআরসি) চেয়ারম্যান সুনীল কান্তি বোস এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আইসিটি বিভাগের সচিব মো: নজরুল ইসলাম খান। কর্মশালায় ইন্টারনেট সোসাইটি এশিয়া প্যাসিফিক অঞ্চলের চ্যাপ্টার ডেভেলপমেন্ট ম্যানেজার নাভিদ হক, গ্রামীণফোনের চিফ কর্পোরেট অ্যাফেয়ার্স অফিসার মাহমুদ হোসেইন, এয়ারটেল বাংলাদেশের চিফ ইনফরমেশন অফিসার লুৎফর রহমান ও ফাইবার অ্যাট হোমের চিফ স্ট্র্যাটেজি অফিসার সুমন আহমেদ সাবির ভিন্ন ভিন্ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন।

কর্মশালায় বক্তারা বলেন, ব্রডব্যান্ড ইন্টারনেট সেবায় এগিয়ে যেতে হলে বাংলাদেশে মোবাইল ব্রডব্যান্ড সেবার উন্নয়ন করতে হবে। সারাদেশে মোবাইল নেটওয়ার্ক বিদ্যমান। ফলে খুব সহজে ব্রডব্যান্ড সেবা মানুষের হাতের নাগালে পৌঁছানো সম্ভব। তবে এ ক্ষেত্রে সাধারণ মানুষের অর্থনৈতিক সক্ষমতা বিবেচনা করে ট্যারিফ নির্ধারণ করতে হবে। অনুষ্ঠানে বিভিন্ন প্রবন্ধে বাংলাদেশসহ এশিয়ার বিভিন্ন দেশের ইন্টারনেটের বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্পর্কে তুলে ধরা হয়। এছাড়া ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. লুৎফর রহমানের সঞ্চালনায় কর্মশালায় একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন গ্রামীণফোনের হেড অব ওয়্যারলেস ব্রডব্যান্ড সাব্বির হোসেইন, বেসিসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সৈয়দ আলমাস কবির, ফাইবার অ্যাট হোমের চিফ স্ট্র্যাটেজি অফিসার সুমন আহমেদ সাবির এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. নোভা আহমেদ। কর্মশালায় সভাপতিত্ব করেন ইন্টারনেট সোসাইটি বাংলাদেশ ঢাকা চ্যাপ্টারের সভাপতি ড.

## এসইও প্রশিক্ষণে ভর্তি চলছে

ফ্রিল্যান্সিং কাজের চাহিদার ভিত্তিতে আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন প্রশিক্ষণে

## অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৮০ ঘণ্টার এই কোর্সটি বাস্তবভিত্তিক অভিজ্ঞতাসম্পন্ন একজন সফল প্রশিক্ষক পরিচালনা করবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## বাংলা নববর্ষে ডি-লিঙ্ক ডুয়াল ব্র্যান্ড রাউটার



দেশের বাজারে ডি-লিঙ্ক ব্র্যান্ডের তারহীন প্রযুক্তির ডুয়াল ব্র্যান্ড রাউটার এনেছে কমপিউটার সোর্স। ডি-লিঙ্ক এসি সিরিজের ডিআইআর-৮০৩ মডেলের এ রাউটারটির ডাটা স্থানান্তর গতি ৭৫০এমবিপিএস। তারহীন যোগাযোগে বিদ্যমান সব প্রযুক্তি বিশেষ করে বি, জি ও এন সিরিজের চেয়ে এসি সিরিজের এ রাউটারটির গতি তিনগুণ বেশি। এটি ৫ গিগাহার্টজ ফ্রি ফ্রিকোয়েন্সি ব্যান্ডে ডাটা স্থানান্তর করতে পারে। এতে একটি ইন্টারনেট পয়েন্ট ও চারটি

## প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি) কোর্সে ভর্তি চলছে। সার্টিফায়েড প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া হবে। এ

## বাজারে এমএসআই ব্র্যান্ডের গেমিং মাদারবোর্ড এ৮৮এক্স-জি৪৫



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের এএমডি চিপসেটের গেমিং মাদারবোর্ড এ৮৮এক্স-জি৪৫। এএমডি চিপসেটের এই মাদারবোর্ডটিতে রয়েছে মিলিটারি ক্লাস ৪ প্রযুক্তি, ওসিজিনি ৪, ক্লিক বায়োস ৪ ও একাধিক গ্রাফিক্স কার্ড স্লট। মাদারবোর্ডটি ৩২০০ বাসের ডিডিআর৩ র‍্যাম সমর্থন করে। রয়েছে ইউএসবি ৩.০ ও সাটা ৬.০ প্রযুক্তি। গেমারদের সুবিধার জন্য রয়েছে গোল্ড প্লেটেড গেমিং ডিভাইস পোর্ট

## রেডহ্যাট ভার্চুয়ালাইজেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্সের ভার্চুয়ালাইজেশন কোর্সে শুক্র ও শনিবার ব্যাচে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার এই প্রশিক্ষণে অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া

## লেনোভো ৭ ইঞ্চির ট্যাবলেট পিসি



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর এ১০০০ মডেলের ভয়েজ কল ফিচারের ট্যাবলেট পিসি। সিম সমর্থিত এই ট্যাবে রয়েছে অ্যান্ড্রয়িড জেলি বিন, ১.২ গিগাহার্টজ ডুয়াল কোর প্রসেসর, ৭ ইঞ্চি মাল্টিটাচ ডিসপ্লে, ১ জিবি র‍্যাম, ৪ জিবি স্টোরেজ, জি-সেন্সর ফাংশন প্রভৃতি। এতে সর্বোচ্চ ৮ ঘণ্টা ওয়াই-ফাই ব্রাউজ

## বাজারে গিগাবাইট জি১ স্নাইপার বি৫ মাদারবোর্ড



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে গিগাবাইট ব্র্যান্ডের জি১ স্নাইপার সিরিজের বি৫ মডেলের গেমিং মাদারবোর্ড। ইন্টেল ফোর্থ জেনারেশন প্রসেসর সমর্থিত এই মাদারবোর্ডটিতে রয়েছে গিগাবাইট আল্ট্রাডিউরেবল প্লাস টেকনোলজি, গিগাবাইট হাইব্রিড ডিজিটাল পাওয়ার ইঞ্জিন, গিগাবাইট ডুয়াল বায়োস টেকনোলজি, হাই-অ্যান্ড অডিও ক্যাপাসিটর, অডিও নয়েজ গার্ড, মাল্টি জিপিইউ সাপোর্টসহ আকর্ষণীয় সব ফিচার। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা।

## রেডহ্যাট লিনআক্স-৬ কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্স-৬ কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এই কোর্সে সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন, নেটওয়ার্ক ও সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন এবং সার্ভার কনফিগারেশন

## বাজারে আসুস ফোনপ্যাড নোট ৭ ট্যাব



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের ফোনপ্যাড নোট ৭ ট্যাবলেট পিসি। এমই১৭৫সিজি মডেলের এই ট্যাবলেট পিসিতে ডুয়াল সিম ব্যবহার করা যায় ও ফোন কলের সুবিধাসহ এতে থ্রিজি মোবাইল ডাটা বা ইন্টারনেট ব্যবহারের সুবিধা রয়েছে। রয়েছে ৭ ইঞ্চির ১২৮০ বাই ৮০০ পিক্সেল রেজ্যুলেশনের মাল্টিটাচ আইপিএস প্যানেল, অ্যান্ড্রয়েড ৪.৩ জেলিবিন অপারেটিং সিস্টেম, ১.২ গিগাহার্টজ ইন্টেল ডুয়াল কোর প্রসেসর, ১ জিবি র‍্যাম, ৮ জিবি ডাটা স্টোরেজ, ফ্রন্ট-ব্যাক ডুয়াল ওয়েবক্যাম ইত্যাদি। সর্বোচ্চ ৯ ঘণ্টা পাওয়ার ব্যাকআপের লিথিয়াম-পলিমার ব্যাটারি সংবলিত ট্যাবলেটটির দাম ১৮ হাজার

## স্যামসাং পণ্যে ২৪ ঘণ্টা সেবা

জমা দেয়ার ২৪ ঘণ্টার মধ্যে স্যামসাং আইটি পণ্যে বিক্রয়োত্তর সেবা দিয়েছে কমপিউটার সোর্স। ৩০ এপ্রিল পর্যন্ত রাজধানীর লালমাটিয়ায় অবস্থিত কমপিউটার সোর্সের প্রধান সার্ভিস সেন্টার থেকে এ সুবিধা পান স্যামসাং ল্যাপটপ, মনিটর ও প্রিন্টার ব্যবহারকারীরা। একই সাথে ওয়ারেন্টি নেই এমন পণ্যের সার্ভিসিংয়ের ক্ষেত্রে ৫০ শতাংশ ছাড় ছাড়াও প্রত্যেক গ্রাহককেই আকর্ষণীয় পুরস্কার দেয়া হয়। ১৫ এপ্রিল শুরু হওয়া স্যামসাং সেবা মেলা থেকে ওয়ারেন্টি পণ্যের অপারেটিং সিস্টেম, অফিস

## বাজারে ভিভিটেকের এইচডি পকেট প্রজেক্টর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ভিভিটেক ব্র্যান্ডের কিউমি কিউ-৫ মডেলের এইচডি পকেট প্রজেক্টর। ৪৯০ গ্রাম ওজনের হালকা-পাতলা এই পকেট প্রজেক্টরটিতে রয়েছে ডিএলপি লিঙ্ক প্রযুক্তি ও পিকো চিপসেট, তাই এটি থ্রিডি-রিরডি প্রজেক্টর। এর ব্রাইটনেস ৫০০ লুমেন্স, কন্ট্রাস্ট রেশিও ১০০০০:১, এলইডি টাইপের ল্যাম্প লাইফ ৩০ হাজার ঘণ্টা ও এটি এইচডি ৭২০ পিক্সেল রেজ্যুলেশন। এতে ডিজিটাল ক্যামেরা, ল্যাপটপ, স্মার্টফোন, ট্যাবলেটে পিসি ব্যবহার করা যায়। পেনড্রাইভ ব্যবহার করে পিসি ছাড়াই সরাসরি ডিজিটাল ফাইল প্রদর্শন করা যায়। রয়েছে বিল্টইন স্পিকার ও রিমোট কন্ট্রোল।

## বাজারে এইচপির ওয়ার্কস্টেশন জেডবুক ১৪



প্রফেশনাল গ্রাফিক্স ও ক্রিয়েটিভ ডিজাইনার, অ্যানিমেটর, আর্কিটেক্ট, সাউন্ড ইঞ্জিনিয়ার ও গেমারদের জন্য স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি জেডবুক ১৪ মডেলের ওয়ার্কস্টেশন নোটবুক। এতে রয়েছে এএমডি ফায়ার প্রো এম৪১০০ মডেলের গ্রাফিক্স কার্ড, ইন্টেল কোরআই৭ ৪৫০০ ইউ প্রসেসর, ৮ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম, ৩২ গিগাবাইট এসএসডি, ৭৫০ গিগাবাইট হার্ডড্রাইভ, ১৪ ইঞ্চি এলইডি ডিসপ্লে, এইচডি ওয়েবক্যাম ও ফিঙ্গারপ্রিন্ট সুবিধা। এক বছরের বিক্রয়োত্তর

## পিএইচপি ও মাইএসকিউএল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি কোর্সে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এই কোর্সে দুটি রিয়েল লাইফ প্রজেক্ট থাকবে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, জুমলা, ওয়ার্ডপ্রেস এবং অ্যাডভান্স

## বাজারে আসুসের নতুন আল্ট্রাবুক



আসুসের কে৫৫১এলবি মডেলের নতুন আল্ট্রাবুক বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। ১৫.৬ ইঞ্চি পর্দার এই নোটবুকে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির ইন্টেল কোরআই সেভেন প্রসেসর। আরও আছে ৮ গিগাবাইট র‍্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, ব্লুটুথ ৪.০ ইত্যাদি। দুই বছরের বিক্রয়োত্তর সেবাসহ নোটবুকটির দাম

## ১ টেরাবাইটের ডেল এন৩৪৩৭ ল্যাপটপ



শিক্ষার্থী ও হোম ইউজারদের জন্য ১ টেরাবাইট তথ্য সংরক্ষণের সুবিধা নিয়ে বাজারে এসেছে ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার ডেল ইনস্পায়রন এন৩৪৩৭ মডেলের ল্যাপটপ। চতুর্থ প্রজন্মের কোরআই৫ প্রসেসর সমন্বিত ল্যাপটপটিতে রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, ইন্টেল এইচডি ৪৪০০ গ্রাফিক্স, ৮ সিরিজের এক্সপ্রেস চিপসেট, এইচডিএমআইসহ বহনযোগ্য পিসির হালনাগাদ সব সুবিধা। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ ৫০ হাজার ৬০০ টাকা দামের এ ল্যাপটপের সাথে একটি ক্যারিকেস ফ্রি দিচ্ছে বিপণন প্রতিষ্ঠান কমপিউটার সোর্স।

## আসুসের নতুন গেমিং গ্রাফিক্স কার্ড



আসুসের আর৯ ২৯০এক্স-৪জিডি৫ মডেলের গ্রাফিক্স কার্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। এতে রয়েছে এএমডি রেডিয়ন আর৯ ২৯০এক্স গ্রাফিক্স ইঞ্জিন, ৪ জিবি ভিডিও মেমরি, ডিভিআই আউটপুট, এইচডিএমআই, ডিসপ্লে পোর্ট প্রভৃতি। আইফিনিটি প্রযুক্তিতে এতে ৬টি ডিসপ্লে একত্রে ব্যবহার করা যায়। হাই-অ্যান্ড গ্রাফিক্স কার্ডটির দাম ৫৭ হাজার টাকা।

## সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে

আইবিসিএস-প্রাইমেক্সে নতুন সিলেবাসে সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়। কোর্স শেষে অনলাইন সার্টিফিকেশন পরীক্ষার ব্যবস্থা আছে। রবিবার ও মঙ্গলবার সান্ধ্যকালীন ব্যাচে ক্লাস শুরু হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## এইচপির স্টুডেন্ট ল্যাপটপ বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি ১৪-ডি০০৮এইউ মডেলের স্টুডেন্ট ল্যাপটপ। এএমডি এপিইউ ই১-২১০০ প্রসেসরসম্পন্ন এই ল্যাপটপে রয়েছে ২ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৫০০ গিগাবাইট হার্ডড্রাইভ, ১৪ ইঞ্চি ডায়াগোনাল ডিসপ্লে, সুপার মাল্টি ডিভিডি বার্নার, নেটওয়ার্ক কার্ড, ডুয়াল স্পিকার, এইচপি ট্রু-ভিশন এইচডি ওয়েবক্যাম, ডিজিটাল মাইক্রোফোন এবং এএমডি রেডিয়ন এইচডি ৮২১০ মডেলের গ্রাফিক্স কার্ড। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ

## বাজারে মাইক্রোনেটের ২৬ পোর্টের সুইচ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে মাইক্রোনেট ব্র্যান্ডের এসপি৬৫২৬ মডেলের ২৬ পোর্টের গিগাবিট ম্যানেজড ইথারনেট সুইচ। এটি উচ্চ ক্ষমতাসম্পন্ন ওয়ার্কগ্রুপ ও সার্ভার অ্যাপ্লিকেশনগুলোর জন্য আদর্শ। রয়েছে ২৪টি গিগাবিট আরজে-৪৫ পোর্ট ও দুটি মিনি-জিবিআইসি স্লট, ৮ হাজার ম্যাক অ্যাড্রেস অন্তর্ভুক্তির সুবিধা, স্টোর অ্যান্ড ফরোয়ার্ড সুইচিং মেথড, স্ট্যাটিক ও ডায়নামিক পোর্ট সিকিউরিটি, ম্যাক অথেনটিকেশন, ওয়েব অথেনটিকেশন প্রভৃতি ফিচার। এ ছাড়া ১৯ ইঞ্চির র‌্যাক মাউন্টঅ্যাবল এই সুইচটিতে ওয়েবভিত্তিক ম্যানেজমেন্ট ইন্টারফেস, কন্সোল ও এসএনএমপি

## সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটর (সিসা) কোর্সে ভর্তি

সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটরের (সিসা) কাজের চাহিদা প্রতিনিয়তই বাড়ছে। আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে নতুন সিলেবাস অনুযায়ী সিসা কোর্সে

## বাজারে এমএসআই ব্র্যান্ডের নতুন গ্রাফিক্স কার্ড



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের এন৬৩০জিটি মডেলের গ্রাফিক্স কার্ড। ৪ জিবি মেমরি গ্রাফিক্স কার্ডটিতে রয়েছে সলিড ক্যাপাসিটর। এটি ডিরেক্টএক্স ১১ সমর্থন করে ও ক্লকস্পিড ৮১০ মেগাহার্টজ। আউটপুটের জন্য রয়েছে ডিভিআই, ডি-সাব ও এইচডিএমআই পোর্ট। এর রেজ্যুলেশন ২৫৬০ বাই ১৬০০। ডিটিএস-এইচডি অডিও ট্রান্সমিশন থাকায় নিখুঁতভাবে শব্দ উপভোগ করা

## বাজারে এলজি এলইডি মনিটর




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজির ২০এইন৩৩এস মডেলের ১৯.৫ ইঞ্চি এলইডি মনিটর। সুপার-এনার্জি সেভিং এই মনিটরে রয়েছে ডুয়াল স্মার্ট সলিউশন ও ওয়াল মাউন্ট সুবিধা। এর রেজ্যুলেশন ১৬০০ বাই ৯০০, কন্ট্রাস্ট রেশিও ৫০০০০০০:১, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড, ডিসপ্লে কালার ১৬.৭ মিলিয়ন ও ভিউয়িং অ্যাঙ্গেল ৯০ ডিগ্রি/৬৫ ডিগ্রি। সংযোগ সুবিধার জন্য এতে রয়েছে ডিভিআই, ডি-সাব ইনপুট কানেক্টর প্রভৃতি।

## বাজারে এইচপির ওয়ার্কস্টেশন জেডবুক ১৫



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি জেডবুক ১৫ মডেলের ওয়ার্কস্টেশন নোটবুক। উন্নতমানের গ্রাফিক্স ও অ্যানিমেশন তৈরির জন্য এই ওয়ার্কস্টেশনে রয়েছে এনভিডিয়া কোয়াড্র কে১১০০এম মডেলের গ্রাফিক্স কার্ড, ইন্টেল কোরআই৭ ৪৬০০এম প্রসেসর, ৮ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৩২ গিগাবাইট এসএসডি, ৭৫০ গিগাবাইট হার্ডড্রাইভ, ১৪ ইঞ্চি এলইডি ডিসপ্লে, এইচডি ওয়েবক্যাম ও ফিঙ্গারপ্রিন্ট সিকিউরিটি সুবিধা। রয়েছে ৮ সেল ব্যাটারি। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১ লাখ ৫৩ হাজার

## ডি-লিঙ্ক ডিআইআর-৫০৬ এল রাউটার বাজারে



চলার পথে ইন্টারনেট ও ফাইল শেয়ার সুবিধা ছাড়াও ৯টি বিশেষ সুবিধার ডি-লিঙ্ক পকেট রাউটার ডিআইআর-৫০৬ এল বাজারে এনেছে কমপিউটার সোর্স। এর মাধ্যমে আইওএস ও অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেমচালিত ডিভাইসে মুভি, ছবি ও ফাইল সব ডকুমেন্টই শেয়ার করা যায়। রয়েছে ১০/১০০ ইথারনেট পোর্ট, ১৭০০ মিলি অ্যাম্পিয়ার ব্যাটারি। এ ছাড়া রিপিটার, ওয়্যারলেস রাউটার, মোবাইল হটস্পট হিসেবে ব্যবহার করা যায়। একই সাথে মোবাইল চার্জ দেয়া, স্মার্ট টিভিতে সংযোগ তৈরি করে ভিডিও দেখা ও গেমিং কন্সোল হিসেবে ব্যবহার করা যায়। রাউটারটির


## এমএসআই মাদারবোর্ড নিয়ে কর্মশালা

এমএসআইয়ের মিলিটারি ক্লাস ৪ প্রযুক্তির মাদারবোর্ড জেড৮৭, এমপাওয়ার, এম গেমিং,




ক্লাসিক নিয়ে সম্প্রতি ঢাকায় কর্মশালার আয়োজন করে কমপিউটার সোর্স। এতে ১৫ জন পরিবেশক ও বিক্রয় প্রতিনিধি অংশ নেন। অনুষ্ঠানে কমপিউটার সোর্সের পরিচালক এইউ খান জুয়েল, পণ্য ব্যবস্থাপক মিজানুর রহমান পলাশ প্রমুখ উপস্থিত ছিলেন ◆

## বাজারে এইচপির সাশ্রয়ী ব্র্যান্ড পিসি



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি প্যাভিলিয়ন ৫০০-০২৭এল মডেলের ব্র্যান্ড পিসি। ইন্টেল কোরআই৩ ৩২৪০ মডেলের প্রসেসরসম্পন্ন এই পিসিতে রয়েছে ইন্টেল ৬১ চিপসেট, ২ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৫০০ গিগাবাইট সাটা হার্ডডিস্ক, ১৮.৫ ইঞ্চি এলইডি মনিটর, ইন্টেল গ্রাফিক্স মিডিয়া এক্সেলেটর কার্ড, সুপার মাল্টি ডিভিডি রাইটার, সাউন্ড কার্ড, ৩০০ ওয়াট পাওয়ার সাপ্লাই, ইউনিভার্সাল ইউএসবি কিবোর্ড, এইচপি ইউএসবি অপটিক্যাল মাউস ও টাওয়ার চেসিস। এতে মিডিয়া কার্ড রিডার রয়েছে ও ওয়াইফাই সাপোর্ট করে। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩৬ হাজার টাকা।

## ওয়্যারলেস এন সিরিজ পিওই অ্যাক্সেস পয়েন্ট



কমপিউটার সিটি টেকনোলজিস বাজারে এনেছে নেটগিয়ার ব্র্যান্ডের ডব্লিউএন২০৩ মডেলের ৩০০এমবিপিএস পিওই অ্যাক্সেস পয়েন্ট। লাইফ টাইম ওয়ারেন্টি ও এক্সটার্নাল অ্যান্টেনাসহ অ্যাক্সেস পয়েন্টটি দেয়াল অথবা সিলিংসহ যেকোনো স্থানে খুব সহজেই স্থাপন করা যায়। ১ গিগাবিট অটো আপলিঙ্ক ইথারনেট পোর্ট ও ৩০০এমবিপিএস ওয়্যারলেস সুবিধাসহ রয়েছে পয়েন্ট টু পয়েন্ট, পয়েন্ট টু মাল্টিপয়েন্ট ও ডব্লিউডিএস মোডে তার ছাড়াই এক অ্যাক্সেস পয়েন্ট থেকে অন্য অ্যাক্সেস পয়েন্টের সাথে

## বাজারে এসএমসি ব্রডব্যান্ড রাউটার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এসএমসি ব্র্যান্ডের ডব্লিউবিআর ১৪এস-এন৫ মডেলের নতুন মাল্টিফাংশনাল ব্রডব্যান্ড রাউটার। এটি দিয়ে উচ্চগতির ক্যাবল বা এক্সডিএসএল সংযোগ দেয়া ও শেয়ার করা যায়। এতে রয়েছে ৪ পোর্ট ১০/১০০ এমবিপিএস ল্যান সুইচ, উচ্চগতির ওয়্যারলেস এন (৮০২.১১এন) অ্যাক্সেস

## ডাটাবেজ সফটওয়্যার ওরাকল প্রশিক্ষণ


আইবিসিএস-প্রাইমেক্সে ওরাকল ১০জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানে এই কোর্স শেষ করে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন ব্যাংক, বীমা ও বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবে।

## বাজারে ডেলের নতুন টাচস্ক্রিন ল্যাপটপ




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ডেলের ইন্সপাইরন ৩১৩৭ মডেলের নতুন ল্যাপটপ। হালকা-পাতলা এই ল্যাপটপে রয়েছে ১১.৬ ইঞ্চির টাচস্ক্রিন ডিসপ্লে, ১.৭ গিগাহার্টজ গতির ইন্টেল পেন্টিয়াম প্রসেসর, ৪ জিবি র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ডিভিডি রাইটার, ইন্টেল এইচডি গ্রাফিক্স, ওয়্যারলেস ল্যান, ইথারনেট ল্যান, মেমরি কার্ড রিডার, বিল্টইন অডিও, স্পিকার, ইউএসবি পোর্ট, ব্লুটুথ ৪.০

## দেশে ফক্সকন ভার্সেটাইল মাদারবোর্ড




গেমার থেকে শুরু করে ক্রিয়েটিভ ডিজাইনারদের জন্য মাদারবোর্ড ফক্সকন এইচ৮১এমএক্সভি। চতুর্থ প্রজন্মের ডুয়াল কোর থেকে আই-৭ সমর্থিত এই মাদারবোর্ডটি বাজারে এনেছে কমপিউটার সোর্স। মাদারবোর্ডটিতে এইচডি এমআই আউটপুট, ইউএসবি থ্রি, ইন্টেল ফুল এইচডি গ্রাফিক্স, ৫:১ এইচডি অডিও, পিসিআই স্লট ও সাটা থ্রি ইন্টারফেস রয়েছে। কাজের প্রয়োজনে এটির ডুয়াল চ্যানেলে ১৬ জিবি পর্যন্ত র‌্যাম ব্যবহার করা যায়। তিন বছরের বিক্রয়োত্তর সেবাযুক্ত ফক্সকন এইচ৮১এমএক্সভির দাম ৫ হাজার ৩০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৩৪১৫৯ ◆

## সাফায়ার ব্র্যান্ডের আর৭ ২৪০ বাজারে



সাফায়ার ব্র্যান্ডের পরিবেশক ইউসিসি বাজারে এসেছে সাফায়ার আর৭ ২৪০ মডেলের গ্রাফিক্সকার্ড। এতে সর্বাধুনিক জিডিডিআর৫ মেমরি রয়েছে। ১ গিগাবাইটের এই কার্ডটির মাধ্যমে দুটি মনিটর একসাথে চালানো যায়। কার্ডটি ২৪ ন্যানোমিটার চিপের ওপর তৈরি ও ৩২০ স্টিম প্রসেসর রয়েছে। আউটপুটের জন্য রয়েছে ভিজিএ, এইচডিএমআই ও ডিভিআই-ডি পোর্ট।

## বাজারে টারগাস ব্র্যান্ডের ওয়্যারলেস প্রেজেন্টার




স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে আমেরিকান টারগাস ব্র্যান্ডের এএমপি১৬এপি মডেলের ওয়্যারলেস প্রেজেন্টার। লেজার পয়েন্টার সংবলিত এই প্রেজেন্টারটি ৫০ ফুট দূরত্ব পর্যন্ত ব্যবহার করা যায়। এটি পিসি, ম্যাক, আল্ট্রাবুক ও নোটবুকে ব্যবহারোপযোগী। তিন বছরের

## সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার (সিইএইচ) সার্টিফিকেশন প্রশিক্ষণে শুক্রবারের ব্যাচে ভর্তি চলছে। ৪০ ঘণ্টার এই প্রশিক্ষণে নেটওয়ার্ক, সিস্টেম, ওয়েব, ভাইরাস, ফায়ারওয়াল, ওয়্যারলেস ওয়েব সার্ভার সিকিউরিটি ও পেনিট্রেশন টেস্টিং প্রশিক্ষণ দেয়া হবে। পরীক্ষায় অংশ নেয়ার জন্য ১০০ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট

## বাজারে আসুসের বি৮৫ চিপসেটের মাদারবোর্ড



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের বি৭৫এম-জি মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেল বি৮৫ চিপসেটের এই মাদারবোর্ডটি ১১৫০ সকেটের ইন্টেল চথুর্থ প্রজন্মের কোর প্রসেসর, ডুয়াল কোর, সেলেরন প্রভৃতি সিপিইউ সাপোর্ট করে। এর চারটি র‌্যাম স্লটে ৩২ জিবি ডিডিআর৩ র‌্যাম ব্যবহার করা যায়। রয়েছে ১ গিগাবাইট ভিডিও মেমরির বিল্টইন গ্রাফিক্স, ৮ চ্যানেল এইচডি অডিও, এইচডিএমআই পোর্ট, ডিভিআই-ডি পোর্ট, ভিজিএ পোর্ট, ১২টি ইউএসবি

## বাজারে এইচপি প্রোবুক ৪৪০জি১ ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি প্রোবুক ৪৪০ জি১ মডেলের নতুন ল্যাপটপ। ইন্টেল ফোর্থ জেনারেশন কোরআই৫ প্রসেসরসম্পন্ন এই ল্যাপটপে রয়েছে ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ১৪ ইঞ্চি ডায়াগোনাল এলইডি ব্যাকলিট এইচডি ডিসপ্লে, ইন্টেল ৮৭ চিপসেট, ৭৫০ গিগাবাইট হার্ডড্রাইভ, ইন্টেল এইচডি ৪৬০০ মডেলের গ্রাফিক্স কার্ড, ডিভিডি রাইটার, এইচপি এইচডি ওয়েবক্যাম, ব্লুটুথ ৪.০, ওয়াইফাই ইত্যাদি। আকর্ষণীয় ক্যারিকেস ও এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৫৪ হাজার টাকা। যোগাযোগ :

## বাজারে ভিউসনিকের নতুন মনিটর




ভিউসনিক ব্র্যান্ডের ভিএ১৬২০এ মডেলের ১৬ ইঞ্চির মনিটর এনেছে ইউসিসি। মনিটরটির রেজ্যুলেশন ১৩৬৫ বাই ৭৬৮। ১৫.৬ ইঞ্চি আয়তাকার এবং ১৬:৯ অনুপাতের মনিটরটি ইনার্জি স্টার সার্টিফায়েড। কিংস্টোন নিরাপত্তা লক ও দেয়াল মাউন্ট রয়েছে। মনিটরটির রেসপন্স

## ব্রাদারের কালার লেজার প্রিন্টার বাজারে




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ব্রাদারের এইচএল-৩১৫০সিডিএন মডেলের নতুন কালার লেজার প্রিন্টার। প্রিন্টারটিতে অটো ডুপ্লেক্স ফিচার থাকায় স্বয়ংক্রিয়ভাবে পাতার উভয় দিকেই প্রিন্ট দেয়া যায়। রয়েছে ইউএসবি ২.০ ও ১০/১০০ ইথারনেট ইন্টারফেস। বিল্টইন নেটওয়ার্ক থাকায় প্রিন্টারটিকে নেটওয়ার্কের মাধ্যমে শেয়ার দিয়ে অনেকেই ব্যবহার করা যায়। এর কালার ও মনোক্রম প্রিন্টের গতি ১৮ পিপিএম, প্রিন্ট রেজ্যুলেশন সর্বোচ্চ ২৪০০ বাই ৬০০ ডিপিআই, বিল্টইন মেমরি ৬৪ মেগাবাইট এবং এতে রয়েছে ২৫০ পৃষ্ঠা পেপার ইনপুট ট্রে।

## তোশিবা ল্যাপটপে বৈশাখী অফার



বাংলা নববর্ষ উপলক্ষে তোশিবা ব্র্যান্ডের ল্যাপটপে বিশেষ বৈশাখী অফার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস। অফারের আওতায় ক্রেতারা যেকোনো মডেলের তোশিবা ল্যাপটপ কিনলেই একটি স্ক্র্যাচকার্ড পাবেন। কার্ড ঘষে জিতে নিতে পারেন স্মার্টফোন, প্রেসার কুকার, ফ্রাই প্যান, টোস্টার, নববর্ষের ফতুয়া, টি-শার্ট, ক্যাপ, তোশিবা মগ

## ট্রান্সসেন্ড ব্র্যান্ডের জেএফ৩৮০ পেনড্রাইভ




মোবাইল ফোন ও অন্যান্য ডিভাইসের মধ্যে ফাইল দেয়া-নেয়ার সুবিধা নিয়ে বাজারে এসেছে ট্রান্সসেন্ড ব্র্যান্ডের জেএফ৩৮০ মডেলের পেনড্রাইভ। ইউসিসির বাজারে আনা এ পেনড্রাইভটিতে ট্রান্সসেন্ড এলিট অ্যাপ থাকার কারণে ব্যবহারকারীরা ছবি, ভিডিও, ডকুমেন্ট ও প্রয়োজনীয় ফাইল স্টোর করতে পারবেন ডিভাইসটিতে। এটি ওজনে হালকা এবং ধুলা ও পানি প্রতিরোধক। জিঙ্ক অ্যালয় বডিতে তৈরি পেনড্রাইভটি গোল্ড ও সিলভার কালারে ৮ জিবি, ১৬ জিবি ও ৩২ জিবি সাইজে পাওয়া যাচ্ছে।

## এএসপি ডটনেট ইউজিং সি কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে এএসপি ডটনেট ইউজিং সি, এসকিউএল সার্ভার প্রশিক্ষণে ভর্তি চলছে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, এনটিটি ফ্রেমওয়ার্ক, ক্রিস্টাল রিপোর্ট শেখানো হবে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## টারগাস ব্র্যান্ডের ব্যাকপ্যাক বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে টারগাস ব্র্যান্ডের টিএসবি৮১১এপি-৫০ মডেলের আকর্ষণীয় ব্যাকপ্যাক। ১৫.৬ ইঞ্চি ল্যাপটপ রাখার উপযোগী এই ব্যাগটিতে রয়েছে ডেডিকেটেড অ্যাডভান্সড ওয়ার্কস্টেশন, যাতে একগুচ্ছ কলম এবং কার্ড হোল্ডার রাখা যায়। অতিরিক্ত কাগজপত্র রাখার জন্য ব্যাগটিতে রয়েছে পৃথক পকেট। দাম ১ হাজার ৩৫০ টাকা।

## বাজারে স্যামসাংয়ের নতুন প্রিন্টার



দেশের বাজারে স্যামসাং অল ইন ওয়ান এম৪০৭০ এফআর মডেলের মনো মাল্টিফাংশন প্রিন্টার এনেছে কমপিউটার সোর্স। প্রিন্টারটিতে ফটোকপি, স্ক্যান ও ফ্যাক্স করা যায়। প্রিন্টারটি মিনিটে ৪২ পৃষ্ঠা প্রিন্ট ও কপি এবং ২৪ পৃষ্ঠা স্ক্যান করতে পারে। এতে ৬০০ মেগাহার্টজ গতির ডুয়াল কোর প্রসেসর থাকায় পেপার আটকানোর বিড়ম্বনা থাকে না। দাম ৭০ হাজার টাকা। এক বছরের বিক্রয়োত্তর সেবা

## বাজারে লেনোভোর বাজেট সাশ্রয়ী ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর আইডিয়া প্যাড এস২১৫ মডেলের নতুন ল্যাপটপ। ১১.৬ ইঞ্চি পর্দার এই ল্যাপটপটি মাত্র ২০.৯ মিলিমিটার সরু ও ওজনে ১.৩ কেজি। ১ গিগাহার্টজ গতির এএমডি ডুয়াল কোর প্রসেসরে চালিত এই ল্যাপটপে রয়েছে এএমডি রেডিয়ন চিপসেটের ১ জিবি ডেডিকেটেড গ্রাফিক্স, ২ জিবি র‍্যাম, ৩২০ জিবি হার্ডডিস্ক, ওয়েবক্যাম, স্টেরিও ডলবি স্পিকার, ইউএসবি ৩.০/২.০ পোর্ট, ভিজিএ পোর্ট, ওয়্যারলেস ল্যান, মেমরি কার্ডরিডার প্রভৃতি। ল্যাপটপটি সর্বোচ্চ ৬ ঘণ্টা ব্যাটারি ব্যাকআপ দেয়। দাম ২৪ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭

## এএমডি ব্র্যান্ডের এফএক্স-৪৩০০ প্রসেসর



ইউসিসি বাজারে এনেছে এএমডি ব্র্যান্ডের এফএক্স-৪৩০০ মডেলের প্রসেসর। ৪ কোরের প্রসেসরটির ক্লকস্পিড ৩.৮ গিগাহার্টজ (টার্বোমোডে ৪.০ গিগাহার্টজ)। এটি চালাতে বিদ্যুৎ খরচ হবে মাত্র ৬৫ ওয়াট ও সাথে রয়েছে ৮ এমবি ক্যাশ। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা।

## ফুজিৎসু ল্যাপটপে বৈশাখী অফার



জাপানি অরিজিন ফুজিৎসু এলএইচ ৫৩২ মডেলে বৈশাখী অফার ঘোষণা করেছে কমপিউটার সোর্স। এ অফারের আওতায় ২৯ হাজার টাকায় পাওয়া যাচ্ছে ১৪ ইঞ্চি পর্দার এ নোটবুকটি। এতে আছে ২.৪ গিগাহার্টজ গতির পেন্টিয়াম ডুয়াল কোর বি২০২০এম মডেলের ইন্টেল প্রসেসর, ৫০০ জিবি হার্ডডিস্ক, ২ জিবি র‍্যাম, ইন্টেল এইচডি ৪০০০ গ্রাফিক্স, ডুয়াল লেয়ার ডিভিডি রাইটার ও এইচডি ক্যাম, ব্লুটুথ ৪.০ ও ওয়াইফাই। ল্যাপটপটিতে থাকা চারটি ইউএসবি পোর্টের মধ্যে একটি দিয়ে বন্ধ

## এসেছে আসুসের ২৮ ইঞ্চি পর্দার মনিটর



আসুসের ভিএন২৮৯কিউ মডেলের ২৮ ইঞ্চির ভিএ প্যানেলের মনিটর বাংলাদেশে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। ১৭৮ ডিগ্রি ভিউয়িং অ্যাঙ্গেলের মনিটরটিতে রয়েছে ভিভিড পিক্সেল, ১৯২০ বাই ১০৮০ রেজ্যুলেশন, পিক্সেল পিচ ০.৩২ এমএম, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড। এ ছাড়া রয়েছে বিল্টইন স্টেরিও স্পিকার, এইচডিএমআই পোর্ট, ডিসপ্লে পোর্ট, ডিভিআই-ডি পোর্ট, ভিজিএ পোর্ট, অডিও ইন/আউট পোর্ট প্রভৃ

## বাজারে তোশিবার কোর আই ফাইভ ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে তোশিবা ব্র্যান্ডের স্যাটেলাইট এল৪০ মডেলের নতুন ল্যাপটপ। ইন্টেল ফোর্থ জেনারেশন কোরআই৫ প্রসেসরসম্পন্ন এই ল্যাপটপে রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম, ৫০০ জিবি সাটা হার্ডড্রাইভ, আল্ট্রাস্লিম ডিভিডি রাইটার, ১৪ ইঞ্চি ডিসপ্লে, ইন্টেল এইচডি ৪৪০০ গ্রাফিক্স কার্ড, ব্লুটুথ, ওয়েবক্যাম ও লিথিয়াম আয়ন প্রিজম্যাটিক ব্যাটারি। ল্যাপটপটিতে ৬ ঘণ্টা পর্যন্ত পাওয়ার ব্যাকআপ পাওয়া যায়। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম

## জাভা ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ প্রশিক্ষণে ভর্তি চলছে। প্রশিক্ষণে কোর্সের অরিজিনাল স্টাডি মেটেরিয়াল, অনলাইন পরীক্ষার জন্য ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাউচার এবং কোর্স শেষে

## ল্যাপটপ মেলার ক্যুইজ প্রতিযোগিতা শুরু

আগামী ১৫ মে থেকে রাজধানীতে শুরু হচ্ছে তিন দিনের ল্যাপটপ মেলা। 'সবার জন্য ল্যাপটপ' স্লোগানকে সামনে রেখে এ মেলা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিত হবে। মেলা উপলক্ষে ফেসবুকভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতা 'টেক ট্রিভিয়া' শুরু হয়েছে। মেলার আয়োজক প্রতিষ্ঠান এক্সপো মেকারের কর্মকর্তা নাহিদ হাসনাইন সিদ্দিকী জানান, প্রতিবারের মতো এবারও অনলাইনভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতা থাকছে। এ প্রতিযোগিতা চলবে মেলার শেষ দিন পর্যন্ত। ক্যুইজের পুরস্কার হিসেবে ল্যাপটপ, নোটবুক, ট্যাবলেট কমপিউটারসহ বিভিন্ন উপহার দেয়া হবে। আগ্রহীরা ল্যাপটপ মেলার ফেসবুক পেজ থেকে ক্যুইজে অংশ নিতে পারবেন। ক্যুইজে প্রতিদিন ল্যাপটপ মেলা সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে হবে। উত্তর দেয়ার পর সেটি ফেসবুকে পাবলিক শেয়ার করতে হবে। শেয়ার হওয়া পোস্টের মাধ্যমে কেউ এ ক্যুইজে অংশ নিলে তিনি নির্ধারিত পয়েন্ট পাবেন। বিজয়ী নির্বাচনের ক্ষেত্রে রেফারাল পয়েন্ট, সঠিক উত্তর এবং মোট কতদিন ক্যুইজে অংশ নিয়েছেন তা বিবেচনা করা হবে। আগ্রহীরা 'টেক ট্রিভিয়া'র উত্তর জানতে টেকশহরডটকম (http://techshohor.com) ও ল্যাপটপ মেলার ফেসবুক পেজ (https://www.facebook.com/laptopfair.bd)

## ইনস্টাগ্রামে আগেই জানা যাবে ছবির জনপ্রিয়তা

ছবিভিত্তিক সামাজিক যোগাযোগ সাইট ইনস্টাগ্রামে কোনো ছবি আপলোড করার আগেই জানা যাবে ছবিটির জনপ্রিয়তা কেমন হবে। আর এই কাজটি করার জন্য নতুন অ্যালগরিদম তৈরি করেছে সাইটটি। অ্যালগরিদমটি তৈরি করেছে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) কমপিউটার সায়েন্স অ্যান্ড আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ল্যাব বিভাগের পিএইচডি শিক্ষার্থীর একটি দল। প্রতিদিন ইনস্টাগ্রামে ব্যবহারকারীরা প্রায় ৬০ মিলিয়ন ছবি শেয়ার করেন। এতসব ছবির মধ্যে অনেক ছবি বেশ জনপ্রিয়তা পায়। তবে আপাতভাবে শেয়ার করার আগে ব্যবহারকারীরা তার ছবিটি কেমন জনপ্রিয় হবে তা জানতে পারেন না। তবে নতুন অ্যালগরিদম ব্যবহারের ফলে ব্যবহারকারীরা আগে থেকেই বিষয়টি জানতে পারবেন। এমআইটির গবেষক দলের প্রধান আদিত্য খোসলে জানান, একটি ছবির মূলত রং, আশপাশের অবস্থা, বিষয়বস্তুর ওপর নির্ভর করে আগে থেকেই ছবিটি কী পরিমাণ জনপ্রিয়তা পাবে তা বোঝা যাবে অ্যালগরিদমের মাধ্যমে ◆

## বিসিএস নির্বাহী কমিটিকে বেসিসের সংবর্ধনা

বাংলাদেশ কমপিউটার সমিতির (বিসিএস) নবনির্বাচিত নির্বাহী কমিটিকে সংবর্ধনা দিয়েছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)। গত ৩ মে বেসিস কার্যালয়ে এ সংবর্ধনা দেয়া হয়। অনুষ্ঠানে বেসিস ও বিসিএসের মধ্যে পারস্পরিক সম্পর্ক বাড়ানো এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। বেসিস সভাপতি শামীম আহসান সভায় সভাপতিত্ব করেন। এ সময় বেসিস সভাপতি শামীম আহসান নির্বাহী কমিটিকে শুভেচ্ছা জানান এবং বেসিস ও বিসিএসের সাথে কাজ করার আহ্বান জানান। বিসিএস সভাপতি আবু হানিফ মো: মাহফুজুল আরিফ তথ্যপ্রযুক্তি শিল্প উন্নয়নে তার মতামত উপস্থাপন করেন এবং সবাইকে সাথে নিয়ে কাজ করার আহ্বান জানান। এ সময় উপস্থিত ছিলেন বেসিসের সিনিয়র সহ-সভাপতি সৈয়দ আলমাস কবির, সহ-সভাপতি উত্তম কুমার পাল, মহাসচিব রাসেল টি আহমেদ, যুগ্ম মহাসচিব এম রাশিদুল হাসান, কোষাধ্যক্ষ শাহ ইমরাউল কাইয়িশ, বিসিএসের সহ-সভাপতি মজিবুর রহমান স্বপন, মহাসচিব নজরুল ইসলাম মিলন, যুগ্ম মহাসচিব এসএম ওয়াহিদুজ্জামান, কোষাধ্যক্ষ কাজী শামসুদ্দিন আহমেদ, পরিচালক এটি শফিকউদ্দিন আহমেদ ও আলী আশফাক ◆

## স্মার্টফোন ও ট্যাব এক্সপো পুরস্কার পেলেন বিজয়ীরা

রবি স্মার্টফোন ও ট্যাব এক্সপোর 'ট্যাগ, শেয়ার অ্যান্ড উইন' প্রতিযোগিতায় প্রথম পুরস্কার নকিয়া লুমিয়া ১৫২০ মডেলের স্মার্টফোন জিতেছেন ফারহানা ক্যামেলিয়া। প্রথম ও দ্বিতীয় রানার্স আপ হিসেবে একটি করে ওয়ালটন প্রিমো ডি৪ মডেলের স্মার্টফোন পেয়েছেন নাঈম উল হক এবং ফয়সাল সায়েম রিয়াদ। রাজধানীর পান্থপথে এক্সপো মেকার কার্যালয়ে সম্প্রতি বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়েছে। এ ছাড়া প্রতিদিনের বিজয়ী হিসেবে নেহা তাসনিম, শাহিদুল আমিন, এহসান এলাহী, এবি আবদুল্লাহ, অরিক বড়ুয়া, লামিয়া খান, জিসান আহমেদ ও সোহান আহমেদ আকর্ষণীয় পুরস্কার পেয়েছেন। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন এক্সপো মেকারের কর্মকর্তা ফারাহ নিশাত। এক্সপো মেকারের আয়োজনে গত ৩ থেকে ৫ এপ্রিল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এ মেলা উপলক্ষে ফেসবুকে 'ট্যাগ, শেয়ার অ্যান্ড উইন'

## ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজে পাবলিক প্রসিকিউরমেন্ট ম্যানেজমেন্ট প্রশিক্ষণ

পাবলিক সেক্টরে টেন্ডার প্রস্তুতি ও সাবমিট এবং কর্পোরেট প্রসিকিউরমেন্ট প্রক্রিয়ায় পরিকল্পনা, প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বাড়াতে ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজে (ইএসসিবি) বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ১০ থেকে ১৪ মে পর্যন্ত ইএসসিবি সিটি ক্যাম্পাসে এ প্রসিকিউরমেন্ট ম্যানেজমেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। এতে পাবলিক প্রসিকিউরমেন্ট বিধিমালা, বর্তমান অবস্থা, বার্ষিক প্রসিকিউরমেন্ট পরিকল্পনা, সার্ভিস কন্ট্যাক্ট ম্যানেজমেন্টসহ এ বিষয়ে যাবতীয় প্রশিক্ষণ দেয়া হবে। পিপিআরে আগ্রহী যেকেউ এ প্রশিক্ষণে অংশ নিতে পারবেন। কোর্স ম্যাটেরিয়ালসহ মোট প্রশিক্ষণ ফি ১৭ হাজার ৫০০ টাকা। তবে একই প্রতিষ্ঠানের চার বা ততোধিক ব্যক্তি অংশ নিলে ১০ শতাংশ পর্যন্ত ছাড় দেয়া হবে। যোগাযোগ :